**পররাষ্ট্র ও অনাবাসী ভারতীয় বিষয়ক মন্ত্রী সরকারি সফরে ওমান সুলতানশাহীতে**

ওমানের সমমর্যাদার মন্ত্রী সম্মানীয় মিঃ ইউসুফ বিন আলওয়াই বিন আবদুল্লার আমন্ত্রণে পররাষ্ট্র ও অনাবাসী ভারতীয় বিষয়ক মন্ত্রী সম্মানীয় শ্রীমতী সুষমা স্বরাজ ১৭-১৮ ফেব্রুয়ারি ২০১৫ ওমান সুলতানশাহীতে তাঁর প্রথম দ্বিপাক্ষিক সরকারি সফরে যাচছেন। ওমানের মন্ত্রী বিদেশ বিষয়ের ভারপ্রাপ্ত এবং তিনি ২০১৪ সালের ফেব্রুয়ারি ও জুন মাসে ভারত সফর করেন।

আর্থিক ও সাংস্কৃতিক বিনিময় এবং বিস্তৃত জনতার সংগে জনতার সম্পর্কের ভিত্তিতে ভারত ও ওমান এক নিবিড় ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কে আবদ্ধ.। উপসাগরীয় অঞ্চলে ওমান ভারতের এক গুরূত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদার এবং ২০১৩-১৪ সালে দ্বিপাক্ষিক বাণিজ্য ৫.৭ বিলিয়ন মার্কিন ডলার অতিকরম করেছে। ওমানের প্রগতি ও উন্নয়নে ৭০০,০০০ কর্মঠ দেশত্যাগী ভারতীয়দের সুপ্রশংসিত ও বিশেষভাবে স্বীকৃত অবদান সুদৃঢ় এবং পারস্পরিকভাবে উপকৃত দ্বিপাক্ষিক সম্পর্কের ভিত্তি।

আসন্ন সফরে উভয়পক্ষ দ্বিপাক্ষিক,আঞ্চলিক ও অভিন্ন স্বার্থের অন্য বিষয়ে আলোচনা হবে। ৭০ লক্ষ ভারতীয়দের বসবাসের উপসাগরীয় অঞ্চলের নিরাপত্তা ও স্থায়ীত্বের বিষয়ে ভারতের গুরূত্বপূর্ণ স্বার্থ নিহিত। ভারতের অপরিশোধিত তেলের চাহিদার দুই-তৃতীয়াংশর উৎস এই উপসাগরীয় অঞ্চলের দেশসমূহ। ভারতের বৃহত্তম আঞ্চলিক বাণিজ্য ব্লকের স্থান এই অঞ্চল,যার পরিমাণ ভারতের বিস্ববাণিজ্যের এক চতুর্থাংশ।

**নয়াদিল্লি**

**১৬ ফেব্রুয়ারি ২০১৫**